কালের কণ্ঠ

তারিখ ... 06 MAY 2014 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

বেসরকারি শিক্ষকদের সংবাদ সম্মেলন

# অবসরের তিন মাসের মধ্যে প্রাপ্য সুবিধার দাবি

**নিজস্ব প্রতিবেদক ▶**

অবসর নেওয়ার তিন মাসের মধ্যে প্রাপ্য সুবিধার দাবিসহ ৯ দফা দাবিতে সংবাদ সম্মেলন করেছে বেসরকারি শিক্ষকদের সংগঠন বাংলাদেশ শিক্ষক সমিতি। গতকাল সোমবার রাজধানীর জাতীয় প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির, সভাপতি অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী। এ সময় আরো উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক বিলকিস জামান, সহসভাপতি অধ্যক্ষ সমরেন্দ্রনাথ রায় সমর, মো. আবদুল খালেক, অধ্যক্ষ শাহানা ফেরদৌস প্রমুখ।

লিখিত বক্তব্যে বলা হয়, 'শিক্ষকদের অবসর সুবিধার টাকা পেতে দুই-তিন বছর লেগে যায়। যথাসময়ে প্রাপ্য টাকা না পেয়ে পরিবার-পরিজন নিয়ে শিক্ষকরা মানবেতর জীবন যাপন করছেন। তিন মাসের মধ্যে অবসর সুবিধার এ প্রাপ্য পরিশোধ করতে হবে। এ জন্য অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টের অর্থ ঘাটতি পূরণ করে আসন্ন বাজেটে এ খাতে বরাদ্দ দিতে হবে।'

সংবাদ সম্মেলনে শিক্ষকরা শিক্ষাব্যবস্থা জাতীয়করণ, অবসর সুবিধা বোর্ডে অর্থ প্রদান, এমপিওবিহীন সাত হাজার শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা, চাকরির বয়স ৬৫ বছরে উন্নীত করা, শিক্ষক নিয়োগে স্বতন্ত্র পাবলিক সার্ভিস কমিশন গঠনেরও দাবি জানান।

**প্যানেলভুক্ত শিক্ষকদের অবস্থান কর্মসূচি :** দ্রুত নিয়োগের দাবিতে গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছেন সদ্য জাতীয়করণকৃত রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্যানেলভুক্ত শিক্ষকরা। বক্তব্য দেন মো. রবিউল ইসলাম, মিজানুর রহমান, মো. আরিফুজ্জামান প্রমুখ। এ সময় বক্তারা বলেন, '২০১২ সালের শুরুতে রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগের জন্য ৪২ হাজার শিক্ষককে প্যানেলভুক্ত করা হয়। একই বছরে ১৪ হাজার শিক্ষককে নিয়োগও দেওয়া হয়। কিন্তু ২০১৩ সালের জানুয়ারিতে প্রধানমন্ত্রী রেজিস্টার্ড বিদ্যালয়গুলো সরকারীকরণ করলে প্যানেলভুক্ত বাকি শিক্ষকদের নিয়োগ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়। সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে এখনো প্রায় ৭০ হাজার সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এসব শূন্য পদে প্যানেলভুক্ত শিক্ষকদের নিয়োগ দিতে হবে।'